# আজ বিচারকদের উদ্দেশে প্রধান বিচারপতির বিদায়ী ভাষণ



সংগৃহীত ছবি

অবসর গ্রহণের আগে আজ বিকেলে সুপ্রিম কোর্ট অডিটোরিয়ামে দেশের জেলা ও মহানগর পর্যায়ের শীর্ষ বিচারিক কর্মকর্তাদের উদ্দেশে বিদায়ী বক্তব্য দেবেন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ।

দেশের জেলা আদালতগুলোতে কর্মরত উচ্চপর্যায়ের বিচার বিভাগের কর্মকর্তাদের নিয়ে আজ রোববার (১৪ ডিসেম্বর) বিকেল ৩টায় সুপ্রিম কোর্ট অডিটোরিয়ামে একটি গুরুত্বপূর্ণ অধিবেশন অনুষ্ঠিত হবে। এ অধিবেশনে প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ তাঁর বিদায়ী ভাষণ প্রদান করবেন।

সুপ্রিম কোর্ট প্রশাসনের গত ২৭ নভেম্বর প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়, অনুষ্ঠানে দেশের সব জেলা জজ, মহানগর দায়রা জজ, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট উপস্থিত থাকবেন। অবসর গ্রহণের আগে এটি হবে বিচার বিভাগের শীর্ষ কর্মকর্তাদের উদ্দেশে প্রধান বিচারপতির শেষ আনুষ্ঠানিক বক্তব্য।

উল্লেখ্য, ২০২৪ সালের জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর ড. সৈয়দ রেফাত আহমেদ দেশের ২৫তম প্রধান বিচারপতির দায়িত্ব গ্রহণ করেন। একই বছরের ১১ আগস্ট তিনি শপথ নেন। আগামী ২৭ ডিসেম্বর তিনি অবসরে যাচ্ছেন।

দীর্ঘ বিচারিক জীবনের অভিজ্ঞতা থেকে তাঁর বিদায়ী বক্তব্যে বিচার বিভাগের স্বাধীনতা, আইনের শাসন এবং গণতান্ত্রিক মূল্যবোধ সংরক্ষণের বিষয়ে গুরুত্বপূর্ণ বার্তা থাকবে বলে আশা করা হচ্ছে।

LENS ASIA